গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট
www.fenchuganj.sylhet.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৩৫.০০০.৯৯.০০১.২৪.৫৯

তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৪

## ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন নিম্নোক্ত তালিকায় বর্ণিত হাট-বাজারসমূহ কেবলমাত্র ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত সিডিউল ও শর্ত মোতাবেক সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তি স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সিলেট (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট (গ) উপজেলা ভূমি অফিস, ফেঞ্চুগঞ্জ, সিলেট (ঘ) অফিসার ইনচার্জ, ফেঞ্চুগঞ্জ থানা,ফেঞ্চুগঞ্জ, সিলেট (ঙ) সোনালী ব্যাংক লিঃ, ফেঞ্চুগঞ্জ শাখা, সিলেট।

০২। দরপত্র দাখিলের স্থান ঃ জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সিলেট (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট (গ) উপজেলা ভূমি অফিস, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

০৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও খোলার সময়সূচি ঃ

| পর্যায় | সিডিউল ফরম বিক্রির তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রথম পর্যায় | ১১-০২-২০২৪ খ্রি<br>২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১২-০২-২০২৪ খ্রি.<br>২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ১.০০ টা পর্যন্ত | ১২-০২-২০২৪ খ্রি.<br>২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ টা | ---- |
| দ্বিতীয় পর্যায় | ২৭-০২-২০২৪ খ্রি.<br>১৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮-০২-২০২৪ খ্রি.<br>১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ১.০০ টা পর্যন্ত | ২৮-০২-২০২৪ খ্রি.<br>১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ টা | প্রথম পর্যায়ে অইজারাকৃত বাজারসমূহ |
| তৃতীয় পর্যায় | ১৯-০৩-২০২৪ খ্রি.<br>০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২০-০৩-২০২৪ খ্রি.<br>০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ১.০০ টা পর্যন্ত | ২০-০৩-২০২৪ খ্রি.<br>০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ টা | দ্বিতীয় পর্যায়ে অইজারাকৃত বাজারসমূহ |
| চতুর্থ পর্যায় | ০২-০৪-২০২৪ খ্রি.<br>১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৩-০৪-২০২৪ খ্রি.<br>২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ১.০০ টা পর্যন্ত | ০৩-০৪-২০২৪ খ্রি.<br>২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ টা | তৃতীয় পর্যায়ে অইজারাকৃত বাজারসমূহ |

বিঃ দ্রঃ দরপত্র খোলার ও দাখিলের সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি দরপত্র দাতা উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। তবে দরপত্র অন্য কোন জমার স্থানে জমা পড়লে, তা সংগ্রহ করে একই সাথে সকল দরপত্র উপজেলা কনফারেন্স রুম, ফেঞ্চুগঞ্জে খোলা হবে।

## ১৪৩১ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা

| ক্রমিক নং | বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ বাংলা সনের জন্য কাঙ্খিত সরকারি ইজারামূল্য(৬% বৃদ্ধিসহ) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ফেঞ্চুগঞ্জ বাজার | ফেঞ্চুগঞ্জ | ৯৭,২২,০০৬/- | ২০২০০/- |
| ০২ | দক্ষিণ ফেঞ্চুগঞ্জ বাজার | ফেঞ্চুগঞ্জ | ৪৯,৮৫৫/- | ৫০০/- |
| ০৩ | ঘাটের বাজার | ঘিলাছড়া | ৫১,৫৮৭/- | ৫০০/- |
| ০৪ | পরগনার বাজার | ঘিলাছড়া | ২৭,৯১৩/- | ৫০০/- |
| ০৫ | সেনের বাজার | উত্তর কুশিয়ারা | ১,৪০,৬২৭/- | ১০০০/- |
| ০৬ | মানিকগঞ্জ বাজার | উত্তর ফেঞ্চুগঞ্জ | ২২,৪৪০/- | ৫০০/- |
| ০৭ | আশিঘর বাজার | ঘিলাছড়া | ১০,২৮২/- | ৫০০/- |

## দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র ০১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিজ খরচে হাট-বাজার নিয়মিত পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করবেন এবং মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে যথাক্রমে ১/১১৩৩/০০১৮/০৩১১ ও ১/১১৪১/০০৭০/০১১১ কোড নম্বরে সোনালী ব্যাংক লিঃ, ফেঞ্চুগঞ্জ শাখায় জমা প্রদান পূর্বক চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহ্বান স্বত্তেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্যের কম হয় তবে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। উল্লেখ্য যে, গত ২০ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পরিপত্র মোতাবেক গত ৩ বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ৬% বৃদ্ধি করে হাট বাজারের সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সাকুল্য অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদন না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা অনাদায়ে আইন অনুযায়ী মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোনো শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। দরপত্র দাতাকে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

৩০/০১/২০২৪

ফারজানা প্রিয়াংকা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏০২৯৯৬৬-৪৬৭৭০
০১৭৩০৩৩১০৩৪

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৩৫.০০০.৯৯.০০১.২৪.৫৯ তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৪

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ,সিলেট
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের জন্য

০৯। সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা, সিলেট। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে কোন দরপত্র জমা পড়লে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০টার মধ্যে প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

১০। উপজেলা নির্বাহী অফিসার ............................................ (সকল), সিলেট

১১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট [বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]

১২। জেলা তথ্য অফিসার, সিলেট

১৩। সহকারী কমিশনার (ভূমি), ফেঞ্চুগঞ্জ, সিলেট। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে কোন দরপত্র জমা পড়লে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করা এবং তার নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।

১৪। উপজেলা .............................................................. অফিসার (সকল), ফেঞ্চুগঞ্জ, সিলেট।

১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ফেঞ্চুগঞ্জ শাখা, সিলেট। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে কোন দরপত্র জমা পড়লে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করা এবং তার নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।

১৬। অফিসার ইনচার্জ, ফেঞ্চুগঞ্জ থানা, সিলেট। ইজারা দরপত্র খোলার ধার্য্য তারিখ ও সময়ে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের জন্য অনুরোধ করা হলো। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে কোন দরপত্র জমা পড়লে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরপত্র সীলমোহরকৃত অবস্থায় বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করা এবং তার নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।

১৭। চেয়ারম্যান/............................................... ইউ.পি (সকল), ফেঞ্চুগঞ্জ, সিলেট। ইজারা দরপত্র খোলার ধার্য্য তারিখ ও সময়ে দরপত্র মূল্যায়ন কমিটির সম্মানীত সদস্য হিসেবে উপস্থিত থাকতে এবং তার ইউনিয়নের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

১৮। পোস্ট মাস্টার, ফেঞ্চুগঞ্জ, সিলেট

১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................... ইউনিয়ন ভূমি অফিস (সকল), ফেঞ্চুগঞ্জ, সিলেট। আগামী ০৭ দিনের মধ্যে নিজ নিজ অধিক্ষেত্র অনুযায়ী প্রত্যেকটি বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২০। জনাব.....................................................ইজারাদার,...............................বাজার, .............,ফেঞ্চুগঞ্জ, সিলেট।

২১। সম্পাদক,..............................................................., দরপত্র বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ১দিনের জন্য তাঁর পত্রিকায় সংক্ষিপ্তাকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকার দুটি কপি অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ, সিলেট। ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩০/০১/২০২৪

ফারজানা প্রিয়াংকা
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏০২৯৯৬৬৪৬৭৭০
০১৭৩০৩৩১০৩৪